রূপগঞ্জে বিআরটিসিসহ দুটি বাসে আগুন, গুলি ছুড়ে পালাল দুর্বৃত্তরা



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে গভীর রাতে পৃথক দুটি স্থানে দুটি বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এ সময় গুলিও ছোড়া হয়েছে বলে জানিয়েছেন প্রত্যক্ষদর্শীরা।

রোববার (৮ নভেম্বর) দিবাগত রাত ২টার দিকে উপজেলার নলপাথর ও হাটাবো এলাকায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, তিনটি মোটরসাইকেলে করে আসা নয়জন দুর্বৃত্ত নলপাথরে টিএম মাস্টার ফিলিং স্টেশনে রাখা বিআরটিসির একটি বাসে আগুন দেয়। এ সময় এক রাউন্ড গুলি ছুড়ে দ্রুত সেখান থেকে চলে যায় তারা।

একই রাতে হাটাবো এলাকায় পোশাক কারখানার শ্রমিক পরিবহনে ব্যবহৃত আরেকটি বাসেও আগুন দেওয়া হয়।

রূপগঞ্জ থানার ওসি এএইচএম সালাহউদ্দিন বলেন, বাসে আগুন দেওয়ার বিষয়টি আগে আমার জানা ছিল না। খবর পাওয়ার পর ঘটনাস্থলে পুলিশ পাঠানো হচ্ছে।